



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।

ফোন : ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৬৬৬৩৩৩৩

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং-ময়শিবো/পনি/উমা/০৯/০৪/২০১৯/২১৮

তারিখ: ২৮/১০/২০২৬ খ্রি.

বিষয়: ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৩১ অক্টোবর ২০২৬ খ্রি. সকাল ১১:০০ ঘটিকায় এইচএসসি পরীক্ষা ২০২৬-এর ফলাফল স্ব স্ব প্রতিষ্ঠান থেকে এবং অনলাইনে একযোগে প্রকাশ করা হবে। নিম্নে উল্লিখিত যে কোনো পদ্ধতিতে স্ব স্ব প্রতিষ্ঠানের **Result sheet download** করা যাবে।

- (১) ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.mymensingheducationboard.gov.bd -এ প্রবেশ করে HSC-2026 Result বাটনে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN এন্ট্রি করে প্রতিষ্ঠানভিত্তিক Result sheet download করা যাবে।
- (২) পরীক্ষার্থীরা www.mymensingheducationboard.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে HSC-2026 Result বাটনে ক্লিক করে নিজ নিজ রোল ও রেজিস্ট্রেশন নম্বরের মাধ্যমে Result sheet download করতে পারবে।
- (৩) পরীক্ষার ফল প্রকাশের পর মোবাইল SMS-এর মাধ্যমে নিম্নলিখিত উপায়ে ফল সংগ্রহ করা যাবে -
HSC <Space> Board Name (First 3 Letters) <Space> Roll <Space> Year টাইপ করে **16140** নম্বরে পাঠাতে হবে।
উদাহরণ: HSC Mym 123456 2026 Send to **16140**
- (৪) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে অনলাইনের মাধ্যমে প্রাপ্ত ফলাফল ডাউনলোড করে প্রকাশ করার জন্য <https://eduboardresults.gov.bd> অথবা www.educationboardresults.gov.bd ওয়েবসাইটের Result কর্ণার-এ ক্লিক করে প্রতিষ্ঠানের EIIN ব্যবহার করে ফল ডাউনলোড করার পরামর্শ দেয়া হলো।
- (৫) পুনঃনিরীক্ষণসহ পুনর্মূল্যায়নের জন্য মোবাইল SMS এর মাধ্যমে ০১/১১/২০২৬ হতে ০৭/১১/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত আবেদন করা যাবে।
- (৬) ফল প্রকাশের দিন থেকে পুনঃনিরীক্ষণের ফল প্রকাশের পরবর্তী ০৭ (সাত) দিন পর্যন্ত বিষয় ভিত্তিক প্রাপ্ত নম্বর এ বোর্ডের ওয়েবসাইট প্রদর্শিত হবে।
- (৭) উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা বোর্ড বা পত্রিকা অফিসে পরীক্ষার ফলাফল পাওয়া যাবে না বা প্রকাশিত হবে না।

২৮/১০/২০২৬
প্রফেসর মো: শাহাদত উল্লাহ
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ
ফোন: ০২-৯৯৭৭১০৪৪২
E-mail: conbisemym@gmail.com

অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। সভাপতি আন্তঃশিক্ষাবোর্ড ও চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
- ৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ/জামালপুর/নেত্রকোণা/শেরপুর;
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
- ৫। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা;
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
- ৭। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৮। অফিস কপি।